দৈনিক
ইত্তেফাক

তারিখ ১১ AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# কেন ১০ বেসরকারি মেডিক্যালের বিরুদ্ধে ব্যবস্থা নয়

---------- আপিল বিভাগ

■ ইত্তেফাক রিপোর্ট

শর্ত পূরণ না হওয়ার পরেও ১৫৩ শিক্ষার্থীকে ভর্তি করায় দশ বেসরকারি মেডিক্যাল কলেজের বিরুদ্ধে কেন ব্যবস্থা গ্রহণ এবং তাদের জরিমানা করা হবে না তা জানতে চেয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এসব মেডিক্যাল কলেজের চেয়ারম্যান ও অধ্যক্ষকে আগামী ২১ আগস্টের মধ্যে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগ গতকাল বুধবার এই আদেশ দেন। এছাড়া ১৫৩ শিক্ষার্থীকে প্রথম পর্বের পরীক্ষায় রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র দেওয়া সংক্রান্ত হাইকোর্টের আদেশও স্থগিত করা হয়েছে।

২০১৪-১৫ শিক্ষা বর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় ২০০-এর মধ্যে ১২০ নম্বর পাওয়া ছাত্র/ছাত্রীদের ভর্তি করা যাবে এবং ছাত্র/ছাত্রীদের লিখিত পরীক্ষায় ৪০ নম্বর পেতে হবে বলে সিদ্ধান্ত দেয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও একই সিদ্ধান্ত দিয়েছিল।